

গাজীপুরে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাট) ...

২

প্রযোজনা সহায়তা কাজে লাগিয়ে উৎপাদন বাড়াতে হবে ...

৩

কৃষকের ভাগ্যের ওপরই এ দেশের ভাগ্য নির্ভর করে ...

৪

চাঁদপুর কচুয়ায় কৃষি উদ্যোক্তা প্রশিক্ষণ ...

৯

বরিশাল, পটুয়াখালী, ভোলাসহ উপকূলের পতিত জমিকে চাষের আওতায় আনতে অগ্রাধিকার ভিত্তিতে কাজ চলছে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, এ অঞ্চলের বেশির ভাগ জমিতে বছরে একটি মাত্র ফসল আমন ধান হয়; আর বাকি সময় পতিত থাকে। এ বিপুল পতিত জমিকে চাষের আওতায় আনতে সরকার নিরলস কাজ করছে। ইতোমধ্যে দেশের বিজ্ঞানীরা উন্নত জাতের ধান, মুগডাল, তরমুজসহ

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

পতিত জমিকে চাষের আওতায় আনা হচ্ছে : মাননীয় কৃষিমন্ত্রী



বরিশালের বাকেরগঞ্জ উপজেলার বাকেরকাঠি ও নন্দপাড়া গ্রামে পতিত জমিতে বোরো ধান আবাদের ফসল কর্তন উৎসব ও মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

সারের ভর্তুকিতে লাগছে ৩০ হাজার কোটি টাকা : মাননীয় কৃষিমন্ত্রী



সচিবালয়ে সারবিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটির সভা শেষে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

এ বছর দেশে সারের ভর্তুকিতে ব্যয় হচ্ছে ৩০ হাজার কোটি টাকা এবং ইতোমধ্যে প্রায় ২৭ হাজার কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়েছে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য

ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। ১২ এপ্রিল ২০২২ মঙ্গলবার সকালে সচিবালয়ে সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটির সভা শেষে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে মাননীয়

এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩

নেদারল্যান্ডসে আন্তর্জাতিক হার্টিকালচার এক্সপোতে অংশগ্রহণ করছে বাংলাদেশ



সচিবালয়ে এক্সপোতে বাংলাদেশের অংশগ্রহণ বিষয়ে প্রেস ব্রিফিংয়ে বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

নেদারল্যান্ডসে ৭ম আন্তর্জাতিক হার্টিকালচার এক্সপো-২০২২, Floriade Expo) সরকারিভাবে প্রথমবারের মতো অংশগ্রহণ করছে বাংলাদেশ। ৬ মাসব্যাপী এই এক্সপো শুরু হয়েছে

বিগত ১৪ এপ্রিল বৃহস্পতিবার, আর উদ্বোধন হয়েছে তার আগের দিন ১৩ এপ্রিল বুধবার। চলবে ৯ অক্টোবর, ২০২২ পর্যন্ত। বাংলাদেশসহ ৩২টি দেশ অফিসিয়াল পার্টনার হিসাবে প্রদর্শনীতে

এরপর পৃষ্ঠা ৪ কলাম ১



উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলের পানিতে হঠাৎ সুনামগঞ্জে দিরাই উপজেলার চাপতির হওরের বৈশাখী বাঁধ ৬ এপ্রিল ২০২২ বুধবার আনুমানিক রাত ১১.৩০ মি. ভেঙে যায়। বাঁধ ভেঙে চলতি মৌসুমে হাওরের বোরো ধান পানিতে নিমজ্জিত হওয়ায় চাপতির হাওরে ৮ এপ্রিল ২০২২,রোজ শুক্রবার বৈশাখী বাঁধসহ অন্যান্য ঝুঁকিপূর্ণ বাঁধ পরদর্শন করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মো. বেনজীর আলম।

মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট

দেশের অর্জনকে কেউ যাতে স্মান না করতে পারে : মাননীয় কৃষিমন্ত্রী

শেষ পাতার পর

একুশে পদক পাওয়ায় এ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে এ বছর একুশে পদকপ্রাপ্ত বাকুবির ইমেরিটাস অধ্যাপক আব্দুস সাত্তার মঞ্জল, চট্টগ্রাম ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমেল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গৌতম বুদ্ধ দাশ, ধান গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানী এনামুল হক, সাহানাজ সুলতানা এবং জান্নাতুল ফেরদৌসিকে সংবর্ধনা প্রদান করা হয়।

৫ জন কৃষিবিদ এ বছর রাষ্ট্রীয় পুরস্কার একুশে পদক পেয়েছেন, এটি আমাদের সকল কৃষিবিদের জন্য অহংকারের, গর্বের।

মাননীয় কৃষিমন্ত্রী ও বাকুবির অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেন, ৫ জন কৃষিবিদ এ বছর রাষ্ট্রীয় পুরস্কার একুশে পদক পেয়েছেন, এটি আমাদের সকল কৃষিবিদের জন্য অহংকারের, গর্বের। এ পুরস্কার সকল কৃষিবিদেরকে প্রেরণা জোগাবে।

করোনার অভিঘাতে এবং সাম্প্রতিক

রাশিয়া- ইউক্রেন যুদ্ধের কারণে সারা পৃথিবীতেই অর্থনীতিতে ও খাদ্য দ্রব্যের দামে অস্থিরতার কথা উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন এ পরিস্থিতির মধ্যেও বাংলাদেশের অর্থনীতি ভেঙে পড়েনি, রাজনৈতিক অস্থিরতা তৈরি হয়নি; বরং সারা পৃথিবীতে দেশের অর্থনীতি শক্তিশালী অবস্থানে আছে। এই সাফল্যেও পেছনে রয়েছে দেশের গার্মেন্টস শিল্প, রেমিট্যান্স ও কৃষি- এই তিনটি খাত। কৃষির এই সাফল্যকে আরও এগিয়ে নিতে কৃষিবিদের আরো জোরাল ভূমিকা রাখতে হবে।

অনুষ্ঠানে কৃষিসচিব মো. সায়েদুল ইসলাম, অতিরিক্ত সচিব হাসানুজ্জামান কল্লোল, বিএআরসির নির্বাহী চেয়ারম্যান শেখ মো. বখতিয়ার, বাকুবির অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নির্বাহী সভাপতি হামিদুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক মো. আওলাদ হোসেন প্রমুখ বক্তব্য রাখেন। এ সময় বিভিন্ন সংস্থা প্রধান, বিজ্ঞানীসহ পাঁচ শতাধিক বাকুবির অ্যালামনাই উপস্থিত ছিলেন।

শ্রেণি বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

গাজীপুরে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে (নাটা) চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কিত সেমিনার অনুষ্ঠিত

গাজীপুরের জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে " 4IR Implementation in Agriculture : challenges and the way forward" সম্পর্কিত সেমিনার ১১ এপ্রিল ২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত

প্রফেসর ড. দেওয়ান মোঃ ফরিদ, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, ড. মঈন উস সালাম, ফ্রিল্যান্স ইন্টার ন্যাশনাল কনসালটেন্ট।



সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. গিয়াস উদ্দিন মিয়া। নাটার মহাপরিচালক জনাব মাহমুদুল হাসানের সভাপতিত্বে আয়োজিত উক্ত সেমিনারে অন্যান্য অতিথিদের মাঝে উপস্থিত ছিলেন

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব গোলাম মোহাম্মদ ভূইয়া, ই-সার্ভিস স্পেশালিস্ট (উপসচিব), এটুআই, ঢাকা। স্বাগত বক্তব্য প্রদান করেন ড. মোঃ তৌফিক আরেফীন, উপপরিচালক (উদ্যানতত্ত্ব) ও সেমিনার বিষয়ক ফোকাল পয়েন্ট, নাটা।

কৃষিবিদ সার্বিনা অফরোজ, কৃতসা, ঢাকা

হাওরের ফসলের ঝুঁকি কমাতে কাজ চলছে

শেষ পাতার পর

আমরা আপনাদেরকে এসব উন্নত জাতের ধানের বীজ দেবো। আপনার এগুলো চাষে এগিয়ে আসবেন। বাঁধ ভেঙে ক্ষতিগ্রস্ত কৃষকদের বিভিন্ন প্রণোদনা ও খাদ্য সহায়তা দেয়া হবে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, আগামী বoroতে ক্ষতিগ্রস্ত কৃষকদের বিনামূল্যে বীজ, সার দেয়া হবে। এ ছাড়া, সারা বছর ধরে ভিজিএফসহ বিভিন্ন খাদ্যসহায়তা দেয়া হবে, যাতে খাদ্যের জন্য কেউ কষ্ট না করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষতিগ্রস্ত কৃষকের পাশে আছেন।

ফসল রক্ষায় টেকসই বাঁধ নির্মাণ ও সময়মতো সংস্কারের জন্য কৃষি মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, পানি উন্নয়ন বোর্ডসহ সকলে মিলে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা হবে বলে জানান মাননীয় কৃষিমন্ত্রী। তিনি বলেন, বাঁধগুলো অনেকক্ষেত্রে সময়মতো সংস্কার হয় না। এক্ষেত্রে বাঁধ সংস্কার ও রক্ষণাবেক্ষণে বিদ্যমান নীতিমালার প্রয়োজনে পুনর্মূল্যায়ন করা হবে। এ

ছাড়া, পানির ধারণক্ষমতা বাড়ানোর জন্য নদী খননে উদ্যোগ নেয়া হবে। পরিদর্শনকালে কৃষি সচিব মোঃ সায়েদুল ইসলাম, সংসদ সদস্য মুহিবুর রহমান মানিক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক

ফসল রক্ষায় টেকসই বাঁধ নির্মাণ ও সময়মতো সংস্কারের জন্য কৃষি মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, পানি উন্নয়ন বোর্ডসহ সকলে মিলে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা হবে

বেনজীর আলম, ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক শাহজাহান কবীর, পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক মির্জা মোফাজ্জল ইসলাম, কৃষকলীগের সাধারণ সম্পাদক সংসদ সদস্য উম্মে কুলসুম স্মৃতি, সুনামগঞ্জের সংসদ সদস্য শামীমা আক্তার, জেলা প্রশাসক, পুলিশ সুপার, বিএমডিএর পরিচালনা বোর্ডের সদস্য সাখাওয়াত হোসেন সুইট প্রমুখ উপস্থিত ছিলেন।

শ্রেণি বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা



সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি), বাংলাদেশ পরিকল্পনা কমিশন এর আয়োজনে টেকসই উন্নয়ন অষ্টম ও রূপকল্প-২০৪১ বাস্তবায়নে মধ্যমেয়াদী উন্নয়ন পরিকল্পনা (অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা) প্রণয়ন ও পরিবীক্ষণ প্রকল্পের আওতায় অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি বাস্তবায়ন বিষয়ে ১ম ব্যাচের প্রশিক্ষণ কর্মশালা, নাজিয়া সালমা সম্মেলন কক্ষ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকায় ২১ ও ২৪ এপ্রিল ২০২২ তারিখে (০২ দিনব্যাপী) অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ কাউসার আহম্মদ, সদস্য (সচিব),

জিইডি। এছাড়াও উপস্থিত ছিলেন জনাব খান মোঃ নূরুল আমীন, এনডিসি, প্রধান (অতিরিক্ত সচিব), জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী, প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব, জনাব মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী, উপপ্রধান (উপসচিব), জনাব মোহাম্মদ ফাহিম আফসান চৌধুরী, সিনিয়র সহকারী প্রধান, ও সহকারী প্রকল্প পরিচালক, জনাব শিমুল সেন, সিনিয়র সহকারী প্রধান ও সহকারী প্রকল্প পরিচালক, প্রমুখ। প্রশিক্ষণে কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও এর বিভিন্ন দপ্তর/সংস্থা, পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর, অর্থবিভাগসহ জিইডি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

কৃষিবিদ ফেরদৌসী বেগম, কৃতসা, ঢাকা

পুষ্টি কর্নার : ডেউয়া

ডেউয়া একটি ভিটামিন 'সি' ও ক্যালসিয়াম সমৃদ্ধ ফল। খাদ্যোপযোগি প্রতি ১০০ গ্রাম ডেউয়াতে মোট খনিজ পদার্থ ০.৮ গ্রাম, খাদ্যশক্তি ৬৬ কিলোক্যালরি, আমিষ ০.৭ গ্রাম, শর্করা ১৩.৩ গ্রাম, ক্যালসিয়াম ৫০ মিলিগ্রাম, লৌহ ০.৫ মিলিগ্রাম, ভিটামিন



বি ১ ০.০২ মিলিগ্রাম, ভিটামিন বি ২ ০.১৫ মিলিগ্রাম ও ভিটামিন 'সি' ১৩৫ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। পাকা ডেউয়া পিণ্ডবিকারে ও যকৃতের পীড়ায় হিতকারী, ছালের গুড়া চামড়ার রুক্ষতায় এবং ব্রণের দূষিত পুঁজ বের করার জন্য হিতকর। আমাদের দেশে ডেউয়ার অনুমোদিত কোনো জাত নেই। গাজীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, রাঙ্গামাটি ও খাগড়াছড়িতে ডেউয়ার আবাদ হয়। সাধারণতঃ মরিচ লবণ দিয়ে ভর্তা বানিয়ে ডেউয়া খাওয়া হয়। মুখের রুচি বাড়াতে পাকা ডেউয়ার ব্যবহার বহুদিনের।

সংকলন- কৃষিবিদ মোহাম্মদ মারুফ, কৃতসা, ঢাকা

প্রণোদনা সহায়তা কাজে লাগিয়ে উৎপাদন বাড়াতে হবে- মাননীয় খাদ্যমন্ত্রী



কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় বীজ ও সার বিতরণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় খাদ্যমন্ত্রী বাবু সাধন চন্দ্র মজুমদার এমপি

বর্তমান কৃষিবান্ধব সরকারের কৃষি প্রণোদনা সহায়তা কাজে লাগিয়ে দেশে অধিক ফসল উৎপাদন করার মধ্য দিয়ে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও বিদেশে খাদ্য রপ্তানির সক্ষমতা অর্জন করার আহবান জানান মাননীয় খাদ্যমন্ত্রী। দেশের ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির ফলে খাদ্য চাহিদা দিন দিন বেড়ে চলেছে। বর্তমান কৃষিবান্ধব সরকার আউশ ধানের আবাদ বৃদ্ধির জন্য প্রণোদনা সহায়তা প্রদানের ব্যবস্থা নিয়েছে। এই প্রণোদনার সহায়তা কাজে লাগিয়ে আউশ ধান চাষ বৃদ্ধির আহবান জানান। পরিশেষে তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে কৃষকদের সার্বিক সহযোগিতার মাধ্যমে আউশ ধান উৎপাদন ও কৃষি উন্নয়নে এগিয়ে আসার আহ্বান জানান।

পোরশা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর উদ্যোগে গত ২৪ এপ্রিল ২০২২ উপজেলা পরিষদ অডিটরিয়ামে চলতি খরিপ-১/২০২২-২৩ মৌসুমে আউশ উৎপাদন বৃদ্ধিতে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় বীজ ও সার বিতরণের উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয়

খাদ্যমন্ত্রী ও ৪৬-নওগাঁ-১ (পোরশা, সাপাহার, নিয়ামতপুর) আসনের সংসদ সদস্য বাবু সাধন চন্দ্র মজুমদার এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব কথা বলেন।

পোরশা উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নাজমুল হামিদ রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পোরশা উপজেলা পরিষদের চেয়ারম্যান অধ্যক্ষ জনাব মোঃ মঞ্জুর মোরশেদ চৌধুরী, নওগাঁ জেলা পরিষদের সদস্য ও প্যানেল চেয়ারম্যান জনাব মোঃ মোফাজ্জল হোসেন ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ কাজীবুল ইসলাম।

উল্লেখ্য, চলতি আউশ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে খাদ্য উৎপাদন বৃদ্ধি কল্পে উফশী আউশ ধান চাষে ১ বিঘা জমির জন্য ৫ কেজি বীজ, ২০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার প্রদানের ব্যবস্থা নিয়েছে। অনুষ্ঠানে উপজেলা পর্যায়ের কর্মকর্তা, সাংবাদিক, রাজনীতিবিদ, প্রণোদনা সহায়তা গ্রহণকারী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক প্রমুখ উপস্থিত ছিলেন।

মো: দেলোয়ার হোসেন, কৃতসা, রাজশাহী

নেদারল্যান্ডসে আন্তর্জাতিক হার্টিকালচার এক্সপোতে

প্রথম পাতার পর

অংশগ্রহণ করছে। এছাড়া অন্যান্য প্যাভিলিয়ন হচ্ছে: ন্যাশনাল ৬২টি, গ্রীন হাউজ ১৬টি, হাইটেক গ্রীন হাউজ ১৫টি, এক্সপিরিয়েন্স গ্রীন হাউজ ৬২টি, নার্সারি ৯০টি, পার্টনার্স ২৫টি, প্যারেনিয়াল ১২টি, ফ্লাওয়ার বালব ১২টি, অ্যাক্সেটিক প্লান্ট ৫টি ও ডাইভার্স ১৫টি। ২৮ এপ্রিল ২০২২ বৃহস্পতিবার দুপুরে সচিবালয়ে এক্সপোতে বাংলাদেশের অংশগ্রহণ বিষয়ে প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি।

এ এক্সপোতে

অংশগ্রহণের মাধ্যমে কৃষিক্ষেত্রে দেশের অর্জিত বিস্ময়কর সাফল্য ও কৃষিপণ্যের রপ্তানি সম্ভাবনা বিশ্ব দরবারে তুলে ধরা সম্ভব হবে।

বাংলাদেশ উন্নয়নশীল দেশ থেকে উন্নত দেশের কাতারে শামিল হতে জোরেশোরে অগ্রসর হচ্ছে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, আন্তর্জাতিক বাজারে প্রবেশের মাধ্যমে কৃষিপণ্যের রপ্তানি বাড়াতে প্রচেষ্টা চলছে। এ এক্সপোতে অংশগ্রহণের মাধ্যমে কৃষিক্ষেত্রে দেশের অর্জিত বিস্ময়কর সাফল্য ও কৃষিপণ্যের রপ্তানি সম্ভাবনা বিশ্ব দরবারে তুলে ধরা সম্ভব হবে। এর মাধ্যমে বাংলাদেশের মর্যাদা ও সম্মান আরও নতুন মাত্রায় উন্নীত হবে বলে আমরা বিশ্বাস করি।

মাননীয় কৃষিমন্ত্রী জানান, সরকারের পাশাপাশি দেশের এসিআই, প্রাণ গ্রুপ, হাশেম ফুডস, স্কার ফুডস, গ্লোবপ্যাক ফুডস, বাংলাদেশ ফুটস, ভেজিটেবলস অ্যান্ড অ্যালাইড প্রডাক্টস এক্সপোর্টস অ্যাসোসিয়েশনসহ প্রায় ২০টির মতো বেসরকারি প্রতিষ্ঠান এতে অংশগ্রহণ করছে। বেসরকারি প্রতিষ্ঠানসমূহ নিজ খরচে যাতায়াতসহ বিভিন্ন পণ্য নিয়ে এক্সপোতে অংশগ্রহণ করছে।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, এক্সপোতে বাংলাদেশ নিজেদের উদ্ভাবন ও গ্রিন সলিউশনস বিশ্ববাসীর সামনে তুলে ধরছে। দেশের মানসম্মত নিরাপদ শাকসবজি, ফলমূল ও ফুলের এবং কৃষিপণ্যের প্রদর্শনীর ব্যবস্থা রাখা

হয়েছে। পাশাপাশি, স্টলে দেশের কৃষির বিভিন্ন সাফল্যের উপর নির্মিত ১৩টি তথ্য চিত্র প্রদর্শন করা হচ্ছে। এক্সপোতে বাংলাদেশ দিবস পালন ও বিভিন্ন সাইড ইভেন্ট অনুষ্ঠিত হবে। এর মাধ্যমে বিদেশে বাংলাদেশী পণ্যের বাজার সৃষ্টি ও ব্র্যান্ডিং তৈরির সুযোগ হবে। আমসহ অন্যান্য ফল, ফসল ও প্রসেসড ফুড ইউরোপে রপ্তানির বিদেশীদের সাথে আলোচনার ব্যবস্থা থাকবে। পাশাপাশি অন্যান্য দেশের প্রযুক্তি, উদ্ভাবন ও জ্ঞান-অভিজ্ঞতা জানান ও তা বিনিময়ের সুযোগ তৈরি হবে। এই এক্সপোতে বাংলাদেশের অংশগ্রহণের মাধ্যমে International Association of Horticultural Producers (AIPH) এর মত একটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সংস্থার সদস্য হওয়ার সুযোগ বাংলাদেশের তৈরি হয়েছে বলে জানান মন্ত্রী।

উল্লেখ্য, আন্তর্জাতিক হার্টিকালচার এক্সিবিশন প্রতি দশকে একবার নেদারল্যান্ডসে অনুষ্ঠিত হয়। এবার বসেছে এক্সপোর ৭ম আসর। এবারের প্রতিপাদ্য হলো 'সবুজ নগর গড়ে তোলা' (growing green cities)। এবারের এক্সপোটি খুবই গুরুত্বপূর্ণ কারণ ফ্লোরিয়েড এক্সপোর হিসেবে ২০৫০ সালের মধ্যে পৃথিবীর ৬৮% মানুষ নগরে বাস করবে। নগরকে কিভাবে আরও সবুজ, সুন্দর ও বাসযোগ্য করা যাবে, সে বিষয়ে উদ্ভাবন ও গ্রিন সলিউশনস এই এক্সপোতে প্রদর্শিত হচ্ছে। এবারের এক্সপোটি নেদারল্যান্ডসের Almere শহরের অনুষ্ঠিত হচ্ছে। প্রায় ৬০ হেক্টর বা ১৫০ একর জমি নিয়ে এই এক্সপোর আয়োজন। এক্সপোর ১০১ নম্বর প্লটটি বরাদ্দ দেওয়া হয়েছে বাংলাদেশকে। গুরুত্বের দিক দিয়ে আয়োজক দেশ ডাচ প্যাভিলিয়নের পাশের প্যাভিলিয়নটি বাংলাদেশের। ১০০০ বর্গমিটার এর প্যাভিলিয়নটি জাতীয় ফুল শাপলার ১৮টি পাপড়ির ওপর দাঁড়ানো একটি প্রাকৃতিক প্যাভিলিয়ন যার বেশির ভাগ পাটের তৈরি পণ্য ও পাটের আঁশ দিয়ে সাজানো। এছাড়াও আছে হার্টিকালচার ও প্রক্রিয়াজাত পণ্যের ফিজিক্যাল ও ডিজিটাল ডিসপ্লে।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

কৃষকের ভাগ্যের ওপরই এ দেশের ভাগ্য নির্ভর করে- কৃষি সচিব



বরগুনার আমতলীতে বারি মুগ-৬ ডালের আধুনিক উৎপাদন কৌশল বিষয়ক কৃষক সমাবেশ ও মাঠ দিবসে প্রধান অতিথির বক্তব্য রাখছেন সম্মানিত সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়

কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম বলেছেন কৃষকের ভাগ্যের ওপরই এদেশের ভাগ্য নির্ভর করে। তাই কৃষিকে লাভজনক করতে হবে। এ জন্য বাণিজ্যিকীকরণ করা দরকার। তাহলে কৃষির মাধ্যমে দেশ হবে উন্নত। ১৫ এপ্রিল ২০২২ বরগুনার আমতলীতে বারি মুগ-৬ ডালের আধুনিক উৎপাদন কৌশল বিষয়ক কৃষক সমাবেশ ও মাঠ দিবসে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

দক্ষিণাঞ্চলে মুগডালের রয়েছে যথেষ্ট সম্ভাবনা উল্লেখ করে সম্মানিত কৃষি সচিব বলেন মুগডালের আবাদ বাড়াতে প্রয়োজন আধুনিক জাত ব্যবহার। তাহলেই উৎপাদন বৃদ্ধি পাবে। কৃষকরা চাষে হবেন উৎসাহিত। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বিএআরআই) মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। বিশেষ অতিথি ছিলেন ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার ডেপুটি প্রজেক্ট লিডার এম জি নিয়োগী এবং

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) ভারপ্রাপ্ত অতিরিক্ত পরিচালক মো. হারুন-অর-রশীদ।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সরেজমিন গবেষণা বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. শহিদুজ্জামান, বৃহত্তর বরিশাল ও ফরিদপুর অঞ্চলের ডাল উৎপাদন বৃদ্ধি প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. ছালেহ উদ্দিন, ডিএই বরগুনার উপপরিচালক আবু সৈয়দ মো. জোবায়েদুল আলম, আয়োজক প্রতিষ্ঠানের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. সহিদুল ইসলাম খান, কৃষক মো. নাছির উদ্দিন, মাকসুদা আক্তারসহ অনেকে। বিএআরআই সরেজমিন গবেষণা বিভাগের উদ্যোগে পটুয়াখালী বরগুনা উপজেলার কেওড়া বুনিয়াদ এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং কৃষক মিলে দু'শতাধিক অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল



কৃষি শিল্পের ব্যবহার উপযোগী কন্দাল ফসলের জাতের সম্প্রসারণ



প্রধান অতিথির সাথে অন্য অতিথিবৃন্দ

কৃষক তার ন্যায্যমূল্য পেতে বিভিন্ন ধরনের কৃষি শিল্পের ব্যবহার উপযোগী কন্দাল ফসলের জাতের সম্প্রসারণ ঘটাতে হবে। কন্দাল ফসলে রোগবালাই কম হয় এবং কোন ধরনের কীটনাশক ব্যবহার করা হয় না। এটা আমাদের শরীরের জন্য বেশ ভাল। উৎপাদন খরচ কম। এ ফসলের বাজারমূল্য বেশ ভাল। বর্তমানে বিদেশে রপ্তানি হচ্ছে। ১৯ এপ্রিল ২০২২ অতিরিক্ত পরিচালক রংপুর অঞ্চল রংপুর এর সভা কক্ষে সকাল ১০ ঘটিকায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রংপুর অঞ্চল রংপুর ও কন্দাল ফসল উন্নয়ন প্রকল্প খামারবাড়ি ঢাকার আয়োজনে কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় এক আঞ্চলিক কর্মশালায় প্রধান অতিথি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর

ক্রপস উইং পরিচালক কৃষিবিদ মোঃ জাহিদুল আমিন এসব কথা বলেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর অঞ্চল, রংপুর এর অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ এমদাদ হোসেন সেখ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর অতিরিক্ত পরিচালক দিনাজপুর অঞ্চল দিনাজপুর কৃষিবিদ প্রদীপ কুমার গুহ। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক, কন্দাল ফসল উন্নয়ন প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি ঢাকা এর কৃষিবিদ মোখলেছুর রহমান। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

কৃষিবিদ মোঃ শাহাদৎ হোসেন, কৃতসা, রংপুর

বরিশালে লেবুজাতীয় ফসল উৎপাদন প্রকল্পের কর্মশালা অনুষ্ঠিত



বরিশাল কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) উদ্যোগে নগরীর ব্রি

সম্মেলন কক্ষে বরিশালে লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ ব্যবস্থাপনা ও

সারের ভর্তুকিতে লাগছে ৩০ হাজার কোটি

প্রথম পাতার পর

কৃষিমন্ত্রী এসব তথ্য জানান।

এসময় শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি বেগম মতিয়া চৌধুরী, জোয়াহেরুল ইসলাম এমপি, কৃষি সচিব মোঃ সায়েদুল ইসলাম, শিল্পসচিব জাকিয়া সুলতানা, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বলাইকৃষ্ণ হাজারা প্রমুখ উপস্থিত ছিলেন।

সারের
ভর্তুকিতে এ বছর
ব্যয় হচ্ছে ৩০ হাজার কোটি
টাকা, যা গত বছরের তুলনায়
চার গুণের বেশি। বিগত
২০২০-২১ অর্থবছরে
ভর্তুকিতে লেগেছিল ০৭
হাজার ৭১৭ কোটি
টাকা।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, কোভিড পরিস্থিতির প্রভাবে বিশ্বব্যাপী সারের মূল্য অস্বাভাবিক পরিমাণে বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে ইউক্রেন-রাশিয়া যুদ্ধের প্রভাবে সারের সরবরাহ বিঘ্নিত হচ্ছে। সব মিলিয়ে সারের

ভর্তুকিতে এ বছর ব্যয় হচ্ছে ৩০ হাজার কোটি টাকা, যা গত বছরের তুলনায় চার গুণের বেশি। বিগত ২০২০-২১ অর্থবছরে ভর্তুকিতে লেগেছিল ০৭ হাজার ৭১৭ কোটি টাকা।

বছরে সারে ৩০ হাজার কোটি টাকা ভর্তুকি দেয়া সারা বিশ্বের বিরল ঘটনা উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, পৃথিবীর কোন দেশে এতো ভর্তুকি দেয়ার উদাহরণ নেই। ভর্তুকি কমাতে বিশ্বব্যাপকসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার চাপও রয়েছে। কিন্তু কৃষকদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষকের স্বার্থে ও খাদ্য উৎপাদন অব্যাহত রাখতে আন্তর্জাতিক সংস্থার আপত্তি উপেক্ষা করে ভর্তুকি দিয়ে যাচ্ছেন। চলতি ২০২১-২২ অর্থবছরে সারের দাম তিনগুণ পর্যন্ত বৃদ্ধি পেলেও বর্তমান কৃষিবান্ধব সরকার কৃষক পর্যায়ে সারের মূল্য বৃদ্ধি করেনি। অব্যাহতভাবে ভর্তুকি দিয়ে সুলভমূল্যে সার সরবরাহের মাধ্যমে কৃষি উৎপাদনের ধারা বজায় রেখেছে।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আঞ্চলিক কর্মশালা ২৫ এপ্রিল ২০২২ অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএইর পরিচালক (প্রশাসন ও অর্থ উইং) বশির আহম্মদ সরকার। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মো. রফি উদ্দিন এবং প্রকল্প পরিচালক ফারুক আহমদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক (অর্থসং) মো. হারুন-অর-রশীদ। প্রধান অতিথি বলেন, লেবু ভিটামিন সি সমৃদ্ধ ফল। এ জাতীয় ফসল দেশের অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে বিদেশে রফতানির রয়েছে বিশাল সুযোগ। পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতি ইঞ্চি জমি ব্যবহার নিশ্চিতকরণেও ভূমিকা রাখতে পারবে। এজন্য দরকার উন্নত জাতের চারা-কলম সরবরাহ। এ বিষয়ে কৃষকদের হাতে-কলমে

শেখাতে হবে। আর তা মাঠে প্রয়োগ করলে প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়ন হবে। কৃষকরাও হবেন লাভবান। দিনব্যাপী এ কর্মশালায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডিএই বরিশালের অতিরিক্ত পরিচালক মোসাম্মৎ মরিয়ম, ডিএই বরগনার অতিরিক্ত পরিচালক এস. এম. বদরুল আলম, ডিএই পটুয়াখালী উপপরিচালক একেএম মহিউদ্দিন, ডিএই পিরোজপুরের উপপরিচালক ড. মোহাম্মদ নজরুল ইসলাম শিকদার, ডিএই ঝালকাঠির উপপরিচালক মো. মনিরুল ইসলাম, পটুয়াখালী বিভাগ ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মো. আসাদুল হক, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের যুগ্ম পরিচালক ড. একেএম মিজানুর রহমান প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ডিএই পটুয়াখালীর অতিরিক্ত উপপরিচালক আব্দুল মান্নান। কর্মশালায় কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা অংশগ্রহণ করেন। নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল



Floriade expo 2022 Netherlands এর স্টলের সাথে জুমে যুক্ত হয়ে নববর্ষ উদযাপন

Floriade expo 2022 Netherlands এর স্টলে বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন করা হয়। মাননীয় কৃষিমন্ত্রী জুমে যুক্ত হয়ে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণসহ সকল সংস্থা প্রধান, অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব, নেদারল্যান্ডে নিযুক্ত বাংলাদেশ হাই

কমিশনার জুমে যুক্ত হয়ে নববর্ষ উদযাপন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি উপস্থিত ছিলেন এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ সায়েদুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

ময়মনসিংহ জেলায় আউশ ও গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদ বৃদ্ধিতে করণীয় শীর্ষক আঞ্চলিক কর্মশালা



কর্মশালায় বক্তব্য দিচ্ছেন প্রধান অতিথি কৃষিবিদ মো: সিরাজুল ইসলাম, পরিচালক, সরেজমিন উইং, খামারবাড়ি, ঢাকা

ময়মনসিংহ জেলায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ এর সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন কেন্দ্রে বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় “আউশ ও গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদ বৃদ্ধিতে করণীয়” শীর্ষক আঞ্চলিক কর্মশালা ১৯ এপ্রিল ২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মো: সিরাজুল ইসলাম পরিচালক সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন ফসলের নিবিড়তা বৃদ্ধির কোন বিকল্প নাই। পতিত ও অনাবাদি জায়গা ফেলে না রেখে বর্তমান কৃষিবান্ধব সরকারের ঘোষণা অনুযায়ী প্রতি ইঞ্চি জমিকে চাষের আওতায় এনে কৃষিকে

যান্ত্রিকীকরণ, বাণিজ্যিকরণ ও নিরাপদ কৃষিতে পরিণত করতে হবে। কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মো: আবু হানিফ সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন কৃষিবিদ মোহাম্মদ জিয়াউর রহমান, প্রকল্প পরিচালক, বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মতিউজ্জামান উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ময়মনসিংহ। এ কর্মশালায় বিভিন্ন জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ, কৃষি তথ্য সার্ভিস এর কর্মকর্তা, আগ্রহী কৃষক-কৃষাণী ও প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মো: খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ

রাঙ্গামাটিতে কৃষকপর্যায়ে উন্নতমানের বীজ উৎপাদক



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলার আয়োজনে কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প-৩য় পর্যায় (১ম সংশোধিত) এর আওতায় ২০ এপ্রিল ২০২২ দিনব্যাপী কৃষক পুরস্কার প্রদান এবং মেন্টরিং ও ফলোআপ ডিসকালন আঞ্চলিক কৃষক প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষ্যে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে কৃষি

সম্প্রসারণ অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলার উপপরিচালক কৃষিবিদ তপন কুমার পালের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাঙ্গামাটি অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ কৃষ্ণ প্রসাদ মল্লিক। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাঙ্গামাটি অঞ্চল কার্যালয়ের উপপরিচালক কৃষিবিদ

মো: নাসিম হায়দার, বীজ প্রত্যয়ন এজেন্সী রাঙ্গামাটির জেলা বীজ প্রত্যয়ন অফিসার কৃষিবিদ মোহাম্মদ আবদুচ ছোবহান, আঞ্চলিক কৃষি তথ্য অফিসার কৃষিবিদ প্রসেনজিৎ মিস্ত্রী এবং ডিএই রাঙ্গামাটি জেলার অতিরিক্ত উপপরিচালক কৃষিবিদ আফ্র মারমা প্রমুখ।

অনুষ্ঠানে উন্নতমানের বীজ উৎপাদনে বিশেষ অবদান রাখার জন্য জেলার বিভিন্ন উপজেলার কৃষকদের বিভিন্ন

কৃষি যন্ত্রপাতি যেমন: ফুট পাম্প, স্প্রে মেশিন, বালাইনাশক প্রয়োগকালীন নিরাপত্তা সামগ্রী ইত্যাদি প্রদান করা হয়। রাঙ্গামাটি জেলার বিভিন্ন উপজেলার মাঠ পর্যায়ের উপসহকারী কৃষি অফিসার, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার, মৌচাষী এবং ডাল, তেল ও মসলা বীজ উৎপাদক কৃষক কৃষাণীরা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

কৃষিবিদ প্রসেনজিৎ মিস্ত্রী, কৃতসা, রাঙ্গামাটি



চাঁদপুর কচুয়ায় কৃষি উদ্যোক্তা প্রশিক্ষণ

বিএডিসির উদ্যান উন্নয়ন বিভাগের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে উদ্যান জাতীয় ফসল সরবরাহ ও পুষ্টি নিরাপত্তা উন্নয়ন প্রকল্প এর আর্থিক সহযোগিতায়, উদ্যান উন্নয়ন কেন্দ্র, উপপরিচালক (উদ্যান) বিএডিসি, এর দপ্তর, সৈয়দপুর কুমিল্লা এর বাস্তবায়নে, ২৫ এপ্রিল ২০২২ চাঁদপুর, কচুয়া মুক্তিযোদ্ধা ভবন কমপ্লেক্স এর হলরুমে, বাণিজ্যিক কৃষি ও হাইব্রিড টমেটো বীজ উৎপাদন শীর্ষক কৃষক ও উদ্যোক্তা প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। কৃষকদের প্রশিক্ষণের মধ্যদিয়ে উন্নত পদ্ধতিতে

প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ প্রদান করেন-কৃষিবিদ মোঃ জালাল উদ্দিন, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁদপুর। সভাপতিত্ব করেন এবং প্রশিক্ষণ প্রদান করেন কৃষিবিদ মোঃ নিগার হায়দার খান, উপপরিচালক (উদ্যান) বিএডিসি, সৈয়দপুর, কুমিল্লা। প্রশিক্ষক হিসেবে আরো উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ কামাল হোসেন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা; ড. মোঃ উবায়দুল্লাহ কায়ছার,



সবজি উৎপাদনে দক্ষ করে গড়ে তোলে দেশের পুষ্টি চাহিদা মিটিয়ে কৃষকদের আত্মসামাজিক অবস্থার উন্নয়ন করা প্রশিক্ষণের উদ্দেশ্য।

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বারি, কুমিল্লা; ড. মোহাম্মদ আশিকুর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিনা উপকেন্দ্র, কুমিল্লা।

মো: মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা

তেলবীজের উৎপাদন বাড়ানোর নির্দেশ মাননীয়

শেষ পাতার পর

ভোজ্যতেলের ৯০ শতাংশই আমদানি করতে হয়। ডাল আমদানি করতে হচ্ছে ৬ থেকে ৭ লাখ টন, তাতেও প্রচুর অর্থ বিদেশে চলে যাচ্ছে। আমাদের দেশে পটুয়াখালীসহ বিভিন্ন চরাঞ্চলে ডাল ও তেল জাতীয় ফসলের উৎপাদন হচ্ছে। ধানের উৎপাদনকে ক্ষতিগ্রস্ত না করে অতিরিক্ত ফসল হিসাবে আরও কোথায় কোথায় এসব ফসলের উৎপাদন করা যায় এসব খুঁজে বের করতে হবে, গবেষণা বাড়াতে হবে এবং এক্সসিস্টেম ডেভেলপ করতে হবে তবেই আগামী ৩-৪ বছরের মধ্যে ভোজ্যতেলের চাহিদার ৪০

ভাগ স্থানীয়ভাবে উৎপাদন করা সম্ভব হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে কৃষিসচিব মোঃ সায়দুল ইসলাম বলেন, দেশে এখনো গবেষণা সরকারি পর্যায়েই সীমাবদ্ধ। বিদেশে সরকারের পাশাপাশি বেসরকারি খাতেরও ভূমিকা আছে। বেসরকারি খাতেও গবেষণা বাড়াতে হবে।

বিএআরসির নির্বাহী চেয়ারম্যান শেখ মো. বখতিয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি গবেষণা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক জীবন কৃষ্ণ বিশ্বাস।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

পতিত জমিকে চাষের আওতায় আনা হচ্ছে

প্রথম পাতার পর

বিভিন্ন ফসলের জাত উদ্ভাবন করেছে। এর মধ্যে লবণসহিষ্ণু জাতও রয়েছে। এসব জাতের দ্রুত সম্প্রসারণ করা হচ্ছে।

০৯ মে ২০২২ সোমবার সকালে বরিশালের বাকেরগঞ্জ উপজেলার

পুনঃখনন ও পাওয়ার টিলার সরবরাহ করার জন্য স্থানীয় প্রশাসন, কৃষি মন্ত্রণালয় ও পানি উন্নয়ন বোর্ডকে সম্পৃক্ত করে এ সমস্যা সমাধানে উদ্যোগ নেয়া হবে। তিনি বলেন, এটি করতে পারলে এসব এলাকার



বাকেরকাঠি ও নন্দপাড়া গ্রামে পতিত জমিতে বোরো ধান আবাদে ফসল কর্তন উৎসব ও মাঠ দিবসে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ রুহুল আমিন তালুকদার,

কৃষিতে বিরাট পরিবর্তন আসবে। পতিত জমি চাষের আওতায় আসবে। অন্যদিকে এক ফসলি জমি দুই-তিন ফসলি জমিতে রূপান্তরিত হবে। এর মাধ্যমে বরিশাল পুনরায় বাংলাদেশের শস্যভাণ্ডারে পরিণত হবে।

**আমাদের বিজ্ঞানীরা
মুগডালের মাড়াইযন্ত্র তৈরি
করেছে, যার দাম ৬০-৭০
হাজার টাকা। আগামী বছর
ভর্তুকি মূল্যে এ যন্ত্র কৃষকদের
দেয়া হবে।**

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক শাহজাহান কবীর প্রমুখ উপস্থিত ছিলেন।

বাকেরকাঠি গ্রামে প্রায় ১০০ বিঘা জমিতে প্রথমবারের মতো পতিত জমিতে বোরো ধান আবাদ হয়েছে। লো-লিফট পাম্পের (এলএলপি) মাধ্যমে সেচের ব্যবস্থা করে কৃষকদেরকে চাষে উদ্বুদ্ধ করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট। অনুষ্ঠানে কৃষকেরা লো-লিফট পাম্পের অভাব, খাল না থাকা ও পাওয়ার টিলার না থাকাকে জমি পতিত থাকার ক্ষেত্রে মূল সমস্যা হিসাবে মাননীয় মন্ত্রীর সামনে তুলে ধরেন।

এ প্রসঙ্গে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, লো-লিফট পাম্প, খাল খনন-

দুপুরে মাননীয় কৃষিমন্ত্রী পটুয়াখালীর সদর উপজেলার বদরপুর ও করমজাতলা গ্রামে মুগডালের মাঠ পরিদর্শন করেন। এসময় তিনি বলেন, কৃষি গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত উন্নত জাতের বারি মুগডাল-৬ এর উৎপাদনশীলতা অনেক ভাল। বিঘাতে ৫-৬ মণ। এ বছর শুধু পটুয়াখালী জেলাতেই প্রায় এক লাখ হেক্টর জমিতে মুগডাল চাষ হয়েছে। আর পটুয়াখালী ও ভোলা দুই জেলা মিলে বছরে ২ লাখ টন মুগডাল উৎপাদন হয়। এই মুগডালের চাষকে আরও ছড়িয়ে দেয়া হবে।

মুগডালের মাড়াই সমস্যা সমাধানের জন্য যন্ত্র দেয়া হবে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, ইতোমধ্যে আমাদের বিজ্ঞানীরা মুগডালের মাড়াইযন্ত্র তৈরি করেছে, যার দাম ৬০-৭০ হাজার টাকা। আগামী বছর ভর্তুকি মূল্যে এ যন্ত্র কৃষকদের দেয়া হবে। এর ফলে দাম পড়বে ২৫-৩০ হাজার টাকা। এতে কৃষকদের উৎপাদন খরচ কম পড়বে ও তারা লাভবান হবেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

দেশের অর্জনকে কেউ যাতে স্মান না করতে পারে : মাননীয় কৃষিমন্ত্রী



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে সংবর্ধনা সভা ও ইফতার মাহফিলে বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

দেশের অর্জনকে কেউ যাতে উদ্দেশ্যপ্রণোদিতভাবে ও চক্রান্ত করে স্মান না করতে পারে এ ব্যাপারে কৃষিবিদদের সচেতন ও সজাগ থাকার আহ্বান জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, দেশবিরোধী ও স্বাধীনতাবিরোধী শক্তি দেশের অর্জনকে স্মান ও দুর্বল করতে নানা ষড়যন্ত্রে লিপ্ত। কৃষিবিদদেরকে পেশাজীবী, কৃষিবিদ

ও বুদ্ধিজীবী হিসেবে সচেতন থাকতে হবে যাতে কোনক্রমেই কেউ দেশের অর্জনকে ছোটো করতে না পারে।

২৬ এপ্রিল ২০২২ মঙ্গলবার বিকালে ঢাকায় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে সংবর্ধনা সভা ও ইফতার মাহফিলে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) অ্যালামনাই অ্যাসোসিয়েশন বাকৃবির ৫ জন অ্যালামনাই এ বছর একুশে পদক

এরপর পৃষ্ঠা ২ কলাম ১

তেলবীজের উৎপাদন বাড়ানোর নির্দেশ মাননীয় কৃষিমন্ত্রীর



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের মিলনায়তনে কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

ভোজ্যতেলের আমদানি নির্ভরতা কমিয়ে আনতে তেলবীজের উৎপাদন বাড়ানোর জন্য গবেষণা ও উৎপাদন বাড়ানোর কর্মপরিকল্পনা গ্রহণ করতে কৃষি কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। ১১ মে ২০২২ বুধবার সকালে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) মিলনায়তনে

কৃষি গবেষণা ফাউন্ডেশন আয়োজিত 'কৃষি গবেষণা ফাউন্ডেশন এর সাম্প্রতিক অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি এ নির্দেশনা প্রদান করেন।

ভোজ্যতেল আমদানিতে বছরে ২ বিলিয়ন ডলারের বেশি খরচ হচ্ছে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

হাওরের ফসলের ঝুঁকি কমাতে কাজ চলছে : মাননীয় কৃষিমন্ত্রী

হাওরে বোরো ধানের ঝুঁকি কমাতে স্বল্পজীবনকালীন আগাম জাতের ধান চাষ, টেকসই বাঁধ নির্মাণ ও সময়মতো সংস্কারে আন্তঃমন্ত্রণালয় সমন্বয় বৃদ্ধি এবং ধান পাকার পর তা দ্রুত কাটার জন্য হাওরে অগ্রাধিকার ভিত্তিতে পর্যাপ্ত ধান কাটার মেশিন কন্ট্রোল হারভেস্টার ও রিপার প্রদানে গুরুত্ব দিয়ে কাজ চলছে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। ১৬ এপ্রিল ২০২২ শনিবার সকালে সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার চাপতির হাওরে ফসল রক্ষা বাঁধ ও বোরো ধানক্ষেত পরিদর্শনকালে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। জেলার দিরাই উপজেলার চাপতির হাওরে ফসল রক্ষা বাঁধ ও বোরো



মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার চাপতির হাওরে ফসল রক্ষা বাঁধ ও বোরো ধানক্ষেত পরিদর্শন করেন

ধানক্ষেত পরিদর্শনকালে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, হাওরে ১২-১৪ লাখ টন ধান হয়, যা দেশের খাদ্য নিরাপত্তার জন্য খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু এ ধান খুবই ঝুঁকিপূর্ণ, কোন কোন বছর আগাম বন্যার কারণে নষ্ট হয়ে যায়। ব্লাস্ট রোগ হাওয়ায় ব্রি২৮ ও দেরিতে পাকার কারণে ব্রি২৯ ধান হাওরে চাষ না করার জন্য কৃষকদেরকে এ সময় আহ্বান জানান মাননীয় কৃষিমন্ত্রী। তিনি বলেন, হাওরের বিস্তীর্ণ জমিতে বছরে মাত্র একটি ফসল বোরো ধান হয়। এ ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হবে, সেজন্য উচ্চফলনশীল জাতের ধান যেমন ব্রিধান ৮৯, ব্রিধান ৯২ এবং বিনাধান-১৭ চাষ করতে হবে।

এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম

কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০, ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd